



শেখ হাসিনার প্রত্যাৰ্পণ আইনি বিষয়, নিয়ম অনুযায়ী ব্যবস্থা: ভারত



ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রনধীর জয়সওয়াল। ছবি: সংগৃহীত

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যাৰ্পণ নিয়ে নিজেদের অবস্থান আবারও জানিয়েছে ভারত। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, বিষয়টি মূলত আইনি এবং সংশ্লিষ্ট নিয়ম মেনেই এ বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।

বুধবার (৭ অক্টোবর) নয়াদিল্লিতে সাপ্তাহিক ব্রিফিংয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রনধীর জয়সওয়াল এসব কথা বলেন।

শেখ হাসিনার প্রত্যাৰ্পণ প্রসঙ্গে তিনি বলেন, এটি একটি আইনি বিষয় এবং এর সঙ্গে বিভিন্ন আইনগত দিক জড়িত রয়েছে।

বাংলাদেশের সঙ্গে সম্পর্ক প্রসঙ্গে জয়সওয়াল বলেন, ভারত গঠনমূলক, ইতিবাচক ও ভবিষ্যৎমুখী সম্পর্ক বজায় রাখতে চায়। এই দৃষ্টিভঙ্গির ভিত্তিতেই দুই দেশের যোগাযোগ এগিয়ে নেওয়া হচ্ছে।

LENS ASIA